# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**19-04-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ- s

১) রাজ্যে বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলের প্রচারাভিযান তুঙ্গে।

প্রথম দফার ভোট প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের নেতৃত্বে এক প্রতিনিধি দল দু'দিনের জেলা সফরে যাচ্ছে।

২) ভোটের সময় সামাজিক মাধ্যম ব্যবহারে আরও বেশি দায়িত্বশীল ও সচেতন হওয়ার আহ্বান নির্বাচন কমিশনের।

৩) তৃণমূল কংগ্রেসের পরামর্শদাতা সংস্থা আই প্যাক রাজ্যে আপাতত কাজ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে বলে বিভিন্ন মাধ্যমে যে খবর ছড়িয়েছে, তা ভুয়ো বলে জানিয়েছে শাসক দল।

তাদের দাবি ইচ্ছাকৃতভাবে বিভ্রান্তি সৃষ্টি করা হচ্ছে।

বিজেপি নেতা কিরেন রিজিজু বলেছেন, অনৈতিক কাজ করার জন্য আইপ্যাক ভয় পয়েছে।

৪) প্রায় ৬ ঘণ্টায় জেরার পর অর্থ তছরূপ মামলায় ইডির হাতে গ্রেফতার ব্যবসায়ী জয় কামদার। তল্লাশি চালানো হল কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার শান্তনু সিনহা বিশ্বাসের বাড়িতে।

৫) ইডেনে আজ কলকাতা নাইট রাইডার্স চার উইকেট রাজস্থান রয়ালসকে হারিয়ে, এবারের আইপিএলের প্রথম জয় পেয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফা ভোটের প্রচারাভিযান শেষ হতে বাকি আর মাত্র দু-দিন। আগামী ২৩-শে এপ্রিল ১৫২-টি আসনে ভোট নেওয়া হবে। তার আগে আজ শেষ রবিবারে সব রাজনৈতিক দলের নেতা-নেত্রী ও তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে সবরকম চেষ্টা চালাচ্ছে।

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বাঁকুড়ার বাঁকুড়ার বড়জোড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড়ে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করেন। সভা মঞ্চ থেকে তিনি অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের ষড়যন্ত্রেই সংসদে মহিলা সংরক্ষণ বিল পাশ করানো সম্ভব হয়নি। তৃণমূল কংগ্রেস সরকার মহিলা এবং আদিবাসী বিরোধী বলে এদিন ফের অভিযোগ করেন তিনি। নারী শক্তি বন্দন সংশোধনী বিল পাশ হলে গ্রামগঞ্জের মহিলারা বিধানসভায় গিয়ে তৃণমূল কংগ্রেস সরকারের অপশাসনের হিসেব চাইবে, সেই ভয় থেকেই তারা এই কাজ করেছে বলে মন্তব্য করেন শ্রী মোদী।

(বাইট – প্রধানমন্ত্রী – সংরক্ষণ)

বিজেপি নেতা কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা, কোচবিহারের শীতলকুচিতে জনসভা করেন। দুর্নীতি সহ বিভিন্ন ইস্যুতে তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে সরব হন তিনি।

জলপাইগুড়িতে রোডশো-এ অংশ নেন শ্রী নাড্ডা।

বিজেপির সর্ব ভারতীয় সভাপতি নীতিন নবীন, মালদায় দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা এবং দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে রোডশো করেন।

অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা আলিপুরদুয়ারের মাদারিহাটে জনসভায় যোগ দেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ হুগলীর তারকেশ্বর, পূর্ব বর্ধমানের কালনা ও মন্তেশ্বরে দলীর প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দেন। কেন্দ্রীয় সরকারের পাল্টা সমালোচনা করে, ২০২৩ সালে আইন পাশ হলেও এতোদিন মহিলাদের সংরক্ষণ কেন বাস্তবায়িত হয়নি – সেই প্রশ্ন তোলেন তিনি। বিজেপি-র মাতৃশক্তি ভরসা কার্ড বিতরণের সমালোচনা করেন মুখ্যমন্ত্রী।

(বাইট – মমতা/সরক্ষণ বিল)

বর্ধমান দক্ষিণের প্রার্থীর সমর্থনে বর্ধমান শহরে পদযাত্রায় সামিল হন মুখ্যমন্ত্রী।

এদিকে, এদিকে, সি পি আই এম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সূজন চক্রবর্তী অভিযোগ করেছেন, মহিলা সংরক্ষণ বিলের নামে সংসদীয় ব্যবস্থাকে ধ্বংস করার চেষ্টা চলছে।

(বাইট – সূজন)

সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম ও যুবনেতা শতরূপ ঘোষ, আজ মুর্শিদাবাদের হরিহরপাড়ায় দলীয় প্রার্থীর সমর্থনে সাইকেল Rally করে।

মুর্শিদাবাদের সালারে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করেন, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী

হুগলীর শ্রীরামপুরে আজ প্রচারে যোগ দেন কংগ্রেস নেতা তেলেঙ্গানার মন্ত্রী মহম্মদ আজহারউদ্দিন।

কংগ্রেস সভাপতি মল্লিকার জুন খার্গে আগামীকাল নির্বাচনী প্রচারে যোগ দিতে এরাজ্যে আসছেন। কোচবিহার এবং শিলিগুড়িতে জনসভা করবেন তিনি।

oooooooooooooooooo

প্রথম দফার ভোটের আগে আইনশৃঙ্খলা আঁটসাঁট করতে নির্বাচন কমিশনের নির্দেশে ইতমধ্যেই রাজ্য জুড়ে অশান্তি সৃষ্টি করতে পারে এমন দুলক্ষেরও বেশি ব্যক্তিকে আটক করার পর মুচলেকা নেওয়া হয়েছে বলে পুলিশ জানিয়েছে। ভোটের দিন কোনও রকম বিশৃঙ্খলায় জড়াবেন না এই মর্মে তাদের কাছে লিখিত মুচলেকা নেওয়া হয়েছে।

আটক ব্যক্তিদের আদালতে হাজির করিয়ে উকিলের মাধ্যমে লিখিত প্রতিশ্রুতি নেওয়া হয়েছে। একই সঙ্গে সতর্ক করা হয়েছে, ভোটের দিন গোলমালে জড়ালে ন্যূনতম ছ'মাস পর্যন্ত জেল হেফাজতে রাখা হতে পারে।

oooooooooooooooooooooooo

রাজ্যে প্রথম দফার বিধানসভা নির্বাচন সংক্রান্ত কাজকর্ম এবং ভোট প্রস্তুতি পর্যালোচনা করতে আগামীকাল মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের নেতৃত্বে এক প্রতিনিধি দল দু'দিনের জেলা সফরে যাচ্ছেন। নির্ধারিত সূচী অনুযায়ী, সকালে বায়ুসেনার হেলিকপ্টারে কলকাতা থেকে রওনা দিয়ে প্রথমে মালদায় পৌঁছবেন তাঁরা। সেখানে পরিস্থিতি পর্যালোচনার পর দুপুরে প্রতিনিধি দলটি উত্তর দিনাজপুর এবং বিকেল কোচবিহারে ভোটের প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখবেন। পর দিন, ২১ এপ্রিল সকালে কোচবিহার থেকে পশ্চিম মেদিনীপুর যাবেন তিনি। ওই দিনই বিকেল তাঁর কলকাতায় ফিরে আসার কথা।

oooooooooooooooooooooo

পুলিশ কর্মী সহ নির্বাচনের কাজে যুক্ত একাধিক কর্মী এখনও পোস্টাল ব্যালট হাতে না পাওয়ায় তারা ভোটদান করতে পারেননি বলে অভিযোগ জানিয়ে সরকারি কর্মচারীদের যৌথ সংগঠন-সংগ্রামী যৌথ মঞ্চ রাজ্য পুলিশের ডিজিকে চিঠি দিয়েছে। গোপনীয়তা বিপন্ন হওয়ার ভয়ে অনেকে নির্দিষ্ট ফর্ম পূরণ করেননি বলেও চিঠিতে উল্লেখ করা হয়েছে। তাঁদের ভোটদান সুনিশ্চিত করতে যাবতীয় পদক্ষেপ নেওয়ার জন্য পুলিশ প্রশাসননের কাছে আবেদন জানানো হয়েছে ।

oooooooooooooooooooooooo

ভোটের সময় সামাজিক মাধ্যম এবং ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারে, আরও বেশি দায়িত্বশীল এবং সচেতন হওয়ার ওপর জোর দিয়েছে নির্বাচন কমিশন। এক বিবৃতিতে কমিশন জানিয়েছে, সামাজিক মাধ্যমে বিভ্রান্তিকর তথ্য বা এআই দিয়ে তৈরি বিষয়বস্তু নজরে আসার তিন ঘণ্টার মধ্যে পদক্ষেপ নিতে হবে। প্রচারাভিযানে ব্যবহৃত বিষয় AI নির্মিত হলে রাজনৈতিক দল, প্রার্থী এবং প্রচারের সঙ্গে যুক্ত প্রতিনিধিদের তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
নির্বাচনের ঘোষণা হওয়ার পর থেকে এখনো পর্যন্ত ১১ হাজারেরও বেশি এই ধরণের পোস্ট পোস্ট বা ইউআরএল শনাক্ত করে ব্যবস্থা নেওয়া হয়েছে।

জনপ্রতিনিধি আইনের ১২৬ ধারা অনুযায়ী, নির্বাচনী এলাকায় ভোটগ্রহণের ৪৮ ঘণ্টা আগে ভোট সংক্রান্ত কিছু প্রদর্শন করা যায় না। সংবাদমাধ্যমের পাশাপাশি সামাজিক মাধ্যমকেও তা মেনে চলতে হবে বলে জানিয়েছে কমিশন। নাগরিক, রাজনৈতিক দল বা প্রার্থী কমিশনের নির্দিষ্ট ওয়েবসাইটে আদর্শ আচরণবিধি ভঙ্গের অভিযোগ জানাতে পারেন। ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট ৩ লক্ষ ২৩ হাজার ৯৯টি অভিযোগ কমিশনের কাছে জমা পড়েছে। ১০০ মিনিটের মধ্যে ৯৬ শতাংশের বেশি অভিযোগের নিষ্পত্তি হয়েছে ।

oooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের পরামর্শদাতা সংস্থা আই প্যাক  রাজ্যে আপতত কাজ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে বলে বিভিন্ন মাধ্যমে যে খবর ছড়িয়েছে, তা ভুয়ো বলে দাবি করেছে শাসক দল। দলের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে,  আইপ্যাকের পশ্চিমবঙ্গ শাখা তৃণমূলের সঙ্গে রাজ্য জুড়ে নির্বাচনের প্রচার ও অন্যান্য কাজ করছে। তৃণমূল কংগ্রেসের দাবি, ইচ্ছাকৃতভাবে বিভ্রান্তি তৈরি করার জন্য এই খবর প্রচারিত হচ্ছে। যদিও এই বিষয়ে আই প্যাকের তরফে কোনও বিবৃতি মেলেনি।

উল্লেখ্য, এর আগে বিভিন্ন মাধ্যমে সংস্থার তরফে কর্মীদের মেল পাঠিয়ে ২০ দিনের সাময়িক ছুটিতে পাঠানোর খবর প্রচারিত হয়। আইনী- বাধ্য-বাধকতার কারণে রাজ্যে আপাতত কাজ বন্ধ রাখার সিদ্ধান্ত হয়েছে – এই মর্মে খবর প্রকাশিত হয়।

এদিকে, অনৈতিক কাজ করার জন্য আইপ্যাক ভয় পেয়েছে বলে বিজেপি নেতা সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু মন্তব্য করেছেন।

(বাইট – রিজিজু)

উল্লেখ্য, আইপ্যাকের নাম না করে আজ মুখ্যমন্ত্রী নির্বাচনী সভায় বলেন, ভয় দেখিয়ে তার দলের সহযোগী সংস্থার কর্মীদের কাজে বাধা সৃষ্টি করা হয়েছে। রাজ্য ছেড়ে চলের যাওয়ার নিদান দেওয়া হচ্ছে তাদের। যদিও এই ষড়যন্ত্র বিফলে যাবে বলে তাঁর দাবি।

(বাইট – মুখ্যমন্ত্রী)

ooooooooooooooooooo

অর্থ তছরূপ মামলায় সিজিও কমপ্লেক্সে প্রায় ৬ ঘণ্টা জিজ্ঞাসাবাদের পর ব্যবসায়ী জয় কামদারকে গ্রেফতার করেছে ইডি। আজ ভোর থেকে বেহালার জ্যোতিষ রায় রোডে নির্মাণ সংস্থার কর্ণধার জয়ের বাড়িতে তল্লাশি চালানোর পর বেলার দিকে তাঁকে আটক করা হয়।

এর আগে ইডি একাধিকবার তাকে তলব করলেও সে হাজিরা দেয়নি বলে জানা গেছে। চলতি মাসেই নিউ আলিপুরের তার বাড়িতে তল্লাশি চালিয়ে ১ কোটি টাকারও বেশি নগদ অর্থ উদ্ধার হয়। সম্প্রতি গোলপার্কে নির্মাণ ব্যবসার দখল নিয়ে গুলি চালনার ঘটনায় অভিযুক্ত বিশ্বজিৎ পোদ্দার, ওরফে সোনা পাপ্পুর  ঘনিষ্ঠ হলো এই ব্যবসায়ী।

এদিকে, কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার শান্তনু সিনহা বিশ্বাসের বালিগঞ্জের ফার্ন রোডের বাড়িতে সকাল থেকে তল্লাশি চালাচ্ছেন ইডি আধিকারিকরা। ডিসি অনুপস্থিত থাকায় তার পরিবারের সদস্যদের জিজ্ঞাসাবাদ করা হয়। তাঁর ছেলেকে সিজিও কমপ্লেক্সে নিয়ে গিয়ে

জেরা করছেন ইডি আধিকারিকরা। উল্লেখ্য, শান্তনু সিনহা বিশ্বাস, দীর্ঘদিন কালীঘাট থানার দায়িত্বে ছিলেন।

oooooooooooooooooooooooo

নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায়, উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী তিন দিন বজ্রবিদ্যুৎ সহ ঝড়ো-বৃষ্টির পূর্বাভাষ। গতকাল দুপুরের পর থেকে দফায় দফায় বৃষ্টিতে উত্তরবঙ্গের স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত। দার্জিলিং এর সেবকে ৫৭ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। হলুদ সতর্কতা রয়েছে দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, কালিম্পং এবং আলিপুরদুয়ার জেলায়।

এদিকে, প্রবল বৃষ্টির জেরে মিরিখ হয়ে দার্জিলিং যাওয়ার রাস্তা সাময়িক বন্ধ হয়ে গেলেও বর্তমানে তা খুলে গেছে বলে আমাদের জলপাইগুড়ির জেলা সংবাদদাতা জানিয়েছেন।

এদিকে, দক্ষিণবঙ্গে গরম ও অস্বস্তিকর আবহাওয়ার সতর্কতা রয়েছে। শুষ্ক পশ্চিমী ও উত্তর-পশ্চিমী বাতাসের কারণে আগামী দু তিন দিনে তাপমাত্রা বেশ কিছুটা বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৮ ডিগ্রী সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় দুই ডিগ্রি বেশি, সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৩ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক ৮ ডিগ্রি কম। তবে স্থানীয়ভাবে মেঘ তৈরি হওয়ার কারণে কোন কোন জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি হতে পারে।

oooooooooooooooooooooooooo

ইডেনে আজ কলকাতা নাইট রাইডার্স চার উইকেট রাজস্থান রয়ালসকে হারিয়ে, এবারের আইপিএলের প্রথম জয় পেয়েছে। রাজস্থান টসে জিতে প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৯ উইকেটে ১৫৫ রান তোলে। বৈভব সূর্যবংশী ৪৬, যশস্বী জয়সওয়াল ৩৯ রান করেন। কলকাতার হয়ে বরুন চক্রবর্তী কার্তিক ত্যাগী তিনটি করে উইকেট নেন। সুনীল নারিন নেন দুই উইকেট। **রান তাড়া করতে নেমে কেকেআর ৬ উইকেট হারিয়ে দুই বল বাকি থাকতে লক্ষ্যে পৌঁছে যায়।** রিংকু সিং ৫৩ রানে, অনুকূল রায় ২৯ রানে অপরাজিত থাকেন। রাজস্থানের হয়ে রবীন্দ্র জাদেজা দুই উইকেট নিয়েছেন। এবারের আইপিএলে প্রথম জয়

পেয়ে কে কে আর ৭ ম্যাচে ৩ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকার শেষ স্থান থেকে নবম স্থানে উঠে এসেছে। ৬ ম্যাচে ৮ পয়েন্ট সংগ্রহ করে রাজস্থান তৃতীয় স্থানে রয়েছে।

এদিকে, কিংবদন্তী অস্ট্রেলিয়ান ব্যাটার ও সে দেশের প্রাক্তন অধিনায়ক অ্যালান বর্ডার আজ ইডেনের ঘণ্টা বাজিয়ে ম্যাচের সূচনা করেন।

oooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooooo